**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ/ ২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ**

**এস,আর,ও নং ২০০-আইন/২০২২/১০৮/কাস্টমস।-** Customs Act, 1969 (Act No. IV of 1969), অত:পর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে Heading No. 84.15 এর আওতাধীন সকল পণ্যসমূহ স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত Table এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) তে উল্লেখিত HS Code এবং কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহকে উহাদের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যে পরিমাণে কলাম (4) এ বর্ণিত হারের অতিরিক্ত হয় সেই পরিমাণ এবং সম্পূরক শুল্ক যে পরিমাণে কলাম (5) এ বর্ণিত হারের অতিরিক্ত হয় সেই পরিমাণ ও সমুদয় রেগুলেটরী ডিউটি, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

## Table

| Heading | HS Code | Description | CD% | SD% |
|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) |
| | | | | |
| 72.10 | 7210.49.10 | Flat-rolled products of iron or non-alloy steel, of a width of 600 mm or more, plated or coated with zinc; Of a thickness (0.4mm - 2.0mm) | 10 | 0 |
| 72.10 | 7210.61.10 | Flat-rolled products of iron or non-alloy steel plated or coated with aluminium-zinc alloy of a thickness of 0.25 mm or more | 10 | 0 |
| 72.10 | 7210.69.10 | Plated or coated with aluminium other than aluminium-zinc alloys of a thickness of 0.4 mm or more | 10 | 0 |
| 72.10 | 7210.70.10 | Flat-rolled products of iron or non-alloy steel painted, varnished or coated with plastics of a thickness of 0.3 mm or more | 10 | 0 |
| 72.12 | 7212.20.90 | Flat rolled products of iron or non- | 5 | 0 |

| | | | | |
|---|---|---|---|---|
| | | alloy steel electrolytically plated or coated with zinc | | |
| 72.12 | 7212.40.99 | Flat rolled products of iron or non-alloy steel painted, varnished or coated with plastics | 5 | 0 |
| 74.11 | 7411.10.90 | Tubes and pipes of refined copper | 5 | 0 |
| 74.15 | 7415.39.00 | Brass Fittings (Flare Nut) | 10 | 0 |
| 76.07 | 7607.11.10 | Aluminum Foil (Not backed) for Air Conditioner Fin (Golden-stock) | 10 | 0 |
| 76.07 | 7607.20.99 | Aluminium foil | 10 | 0 |
| 84.14 | 8414.80.49 | Compressors of a kind used in air conditioning machines | 5 | 0 |
| 84.15 | 8415.90.90 | Other parts of air conditioning machines | 25 | 20 |
| 84.21 | 8421.39.99 | Oil separator | 10 | 0 |
| 84.81 | 8481.10.19 | Reversing valve | 10 | 0 |
| 84.81 | 8481.40.19 | Expansion Valve (<1 inch) | 10 | 0 |
| 85.36 | 8536.90.90 | Terminal Block, Connector | 10 | 0 |

## শর্তাবলি

(১) (ক) আমদানীকারক প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder VAT compliant এয়ারকন্ডিশনার উৎপাদনকারী (Manufacturer) হইতে হইবে।

**ব্যাখ্যা-**

(অ) "Industrial IRC holder" অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(আ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীনে নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(খ) এয়ারকন্ডিশনার উৎপাদনকারী প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত গুরুত্বপূর্ণ অংশসমূহ হইতে ন্যূনতম তিনটি অংশ উৎপাদন করিতে হইবে; যথা:-

i) Condenser
ii) Evaporator
iii) Outdoor body
iv) Heat Shrinkable Tube/Sanction and discharge tube.

(২) এয়ারকন্ডিশনার উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কারখানা স্থাপনের পর এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় কাঁচামাল বা যন্ত্রাংশ আমদানির অনুমোদনের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর আবেদন করিতে হইবে এবং উক্ত আবেদন বিবেচনার ক্ষেত্রে দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি) জাতীয় রাজস্ব বোর্ড, সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা এবং শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটি আবেদনকারী প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন ও যাচাইপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি) বরাবর **''পরিশিষ্ট-১''** অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করিবেন। উক্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে এবং উক্ত অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

(৩) এয়ারকন্ডিশনার উৎপাদনকারী কর্তৃক প্রতি একক এয়ারকন্ডিশনার উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কি কি উপকরণ কি পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **''পরিশিষ্ট-২''** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বে সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে এবং কমিশনার উক্ত উপকরণ-উৎপাদ সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন। **''পরিশিষ্ট-২''** এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

(৪) এই প্রজ্ঞাপনে উল্লিখিত যন্ত্রাংশ বা উপকরণ **''পরিশিষ্ট-২''** অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক এয়ারকন্ডিশনার উৎপাদন হইতেছে কিনা তাহা নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার একজন যুগ্ম কমিশনার ও সংশ্লিষ্ট ভ্যাট বিভাগের বিভাগীয় কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করিবেন। গঠিত কমিটি প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিন পরিদর্শন করিয়া কমিশনারের নিকট প্রতিবেদন দাখিল করিবেন। দাখিলকৃত প্রতিবেদনের সহিত আমদানিকৃত পণ্যের ব্যবহারজনিত বা অন্য কোনো অসঙ্গতি থাকিলে তাহা খালাসকারী কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনকে অবহিত করিতে হইবে। ভ্যাট কমিশনারেট হইতে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন যথার্থতা যাচাই সাপেক্ষে পুনঃশুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

(৫) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছেন মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।

(৬) (ক) আমদানি ও শুল্কায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়সহ ক্রমিক (১), (২), (৩), (৪) ও (৫) এর শর্ত পরিপালন করা হইয়াছে কিনা তাহা সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক যাচাই করিয়া নিশ্চিত হইতে হইবে এবং শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন অনুমোদন করাইতে হইবে;

(খ) শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার শুল্কায়নে বিলম্ব পরিহারের লক্ষ্যে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেম বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইট বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইট হইতে মূসক নিবন্ধন সনদের (BIN) সঠিকতা যাচাই করিবেন;

(গ) এই প্রজ্ঞাপনের আওতায় খালাসকৃত প্রতিটি পণ্য চালানের তথ্য শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার কর্তৃক সংশ্লিষ্ট মূসক বিভাগে পত্রের মাধ্যমে জানাইতে হইবে এবং আমদানিকৃত উপকরণ বা কাঁচামাল শর্ত (১) এর দফা (খ) মোতাবেক এয়ারকন্ডিশনার উৎপাদন কাজে ব্যবহৃত হইবে মর্মে সংশ্লিষ্ট আমদানিকারককে অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে।

২। ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ মোতাবেক ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ১২১-আইন/২০২২/৬৯/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

পরিশিষ্ট-১
কারখানা পরিদর্শন প্রতিবেদন
[শর্ত (২) দ্রষ্টব্য]

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত - - - - ------ - - খ্রিঃ তারিখ - - - - - - - - - - - - - - - - - - নামীয় এয়ারকন্ডিশনার উৎপাদনকারী বা সংযোজনকারী শিল্প কারখানা সরেজমিন পরিদর্শন করি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ, যথা:-

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২। মূসক নিবন্ধন নম্বর (BIN) :

৩। মালিক/স্বত্ত্বাধিকারীর নাম ও ঠিকানা
(বর্তমান/স্থায়ী):

৪। আয়কর সনদ নম্বর (TIN):

৫। জমি ও ভবনের বিবরণ:

(ক) জমি ও ভবন নিজস্ব কিনা:

(খ) মোট জমির পরিমাণ:

(গ) কারখানা ভবনের
(ওয়্যারহাউসসহ) আয়তন:

(ঘ) কারখানা ভবনের প্রকৃতি: (পাকা/সেমি পাকা/অন্যান্য):

(ঙ) অফিস ভবনের আয়তন:

(চ) বিদ্যুৎ সংযোগ আছে কিনা:

৬। কারখানা ভবন ভাড়া হইলে ভাড়া চুক্তির কপি:

৭। স্থাপিত যন্ত্রপাতির বিবরণ:

৮। স্থাপিত যন্ত্রপাতি দ্বারা উৎপাদনযোগ্য পণ্যেও বিবরণ:

৯। উৎপাদনযোগ্য পণ্যের উপকরণ-উৎপাদ সহগ
সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে দাখিল ও
অনুমোদন করা হইয়াছে কিনা :

উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি স্থানীয়ভাবে এয়ারকন্ডিশনার উৎপাদনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে। প্রতিষ্ঠানটিকে প্রজ্ঞাপন [এস,আর,ও নং ২০০-আইন/২০২২/১০৮/কাস্টমস, তারিখ: ২৮ জুন, ২০২২ খ্রিস্টাব্দ] এর আওতায় প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ রেয়াতি সুবিধায় আমদানির অনুমোদন প্রদানের সুপারিশ করা হইল।

| সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় | শিল্প মন্ত্রণালয়ের | জাতীয় রাজস্ব বোর্ডের |
|---|---|---|
| কর্মকর্তার নাম ও স্বাক্ষর | প্রতিনিধির নাম ও স্বাক্ষর | প্রতিনিধির নাম ও স্বাক্ষর |
| তারিখ: | তারিখ: | তারিখ: |

পরিশিষ্ট-২
[শর্ত (৩) ও (৪) দ্রষ্টব্য]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

এয়ারকন্ডিশনার তৈরির উপকরণ/ কাঁচামাল সম্পর্কিত ঘোষণাঃ

১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মূসক নিবন্ধন নম্বর :

| ক্রমিক নং | পণ্যের নাম ও **H.S. Code** | একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ এর নাম **(H.S. Code সহ)** | অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি) | অপচয় ব্যতীত প্রতি | ক্রমিক নং |
|---|---|---|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** | **(৫)** | **(৬)** | **(৭)** |
| | | | | | | |

-------------------------
সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

-------------------------
প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
স্বাক্ষর ও তারিখ

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**